রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ফেব্রুয়ারি ১২, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ/ ১২ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নম্বর ৫৫-আইন/২০২৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সংস্কার কমিশনসমূহের সুপারিশসমূহ বিবেচনা ও গ্রহণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে "জাতীয় ঐকমত্য কমিশন" নামে নিম্নরূপ কমিশন গঠন করিল:

ক) **জাতীয় ঐকমত্য কমিশন:**

| | | |
|---|---|---|
| (১) | অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস, মাননীয় প্রধান উপদেষ্টা | - সভাপতি |
| (২) | অধ্যাপক আলী রীয়াজ, সংবিধান সংস্কার কমিশন প্রধান | -সহ-সভাপতি |
| (৩) | জনাব আব্দুল মুয়ীদ চৌধুরী, জনপ্রশাসন সংস্কার কমিশন প্রধান | - সদস্য |
| (৪) | জনাব সফর রাজ হোসেন, পুলিশ সংস্কার কমিশন প্রধান | - সদস্য |
| (৫) | ড. বদিউল আলম মজুমদার, নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশন প্রধান | - সদস্য |
| (৬) | বিচারপতি এমদাদুল হক, সদস্য, বিচার বিভাগ সংস্কার কমিশন | - সদস্য |
| (৭) | ড. ইফতেখারুজ্জামান, দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশন প্রধান | - সদস্য। |

খ) কমিশন ১৫ ফেব্রুয়ারি ২০২৫ থেকে কাজ শুরু করিবে;


মূল্য : টাকা ৪.০০

গ) কমিশন আগামী নির্বাচনকে সামনে রেখে নির্বাচন ব্যবস্থা, পুলিশ, বিচার বিভাগ, জনপ্রশাসন, সংবিধান ও দুর্নীতি দমন বিষয়ে সংস্কারের জন্য গঠিত কমিশনগুলোর সুপারিশসমূহ বিবেচনা ও গ্রহণের লক্ষ্যে জাতীয় ঐকমত্য গঠনের জন্য রাজনৈতিক দল ও শক্তিসমূহের সঙ্গে আলোচনা করিবে এবং এই মর্মে পদক্ষেপ সুপারিশ করিবে;

ঘ) কমিশনের কার্যালয় সরকার কর্তৃক নির্ধারিত হইবে;

ঙ) কমিশনের মেয়াদ হইবে কার্যক্রম শুরুর তারিখ হইতে ৬ (ছয়) মাস; এবং

চ) প্রধান উপদেষ্টার কার্যালয় এই কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd